# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** ২৩ জুন ২০২২

চসিকের উদ্যেগে পদ্মা সেতুর উদ্বোধন উদযাপন প্রস্তুতি সভায় মেয়র

## ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে
## চসিকের উদ্যোগে বর্নাট্য আনন্দ উৎসবের আয়োজন

বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অনন্য কৃতিত্ব এবং বাংলাদেশের কোটি মানুষের স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন উদযাপন উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ২৫ জুন শনিবার সকাল ৯টায় নগরীর কাজির দেউরিস্থ ইন্টান্যাশনাল কনভেনশন সেন্টারে বর্নাট্য আনন্দ উৎসব পালনের কর্মসূর্চী গ্রহণ করেছে। এই কর্মসূর্চী বাস্তবায়নের লক্ষ্যে আজ সকালে বাটালিহিলস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সভাপতিত কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলগণের সমন্বয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি বক্তব্যে মেয়র বলেন, আমাদের নিজেদের অর্থয়ানে স্বপ্নের পদ্মা সেতু নির্মাণের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের বিদেশীদের উপর নির্ভশীলতার “অচলায়তন” ভাঙতে পেরেছেন বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিজেদের টাকায় পদ্মা সেতু নির্মাণ করতে পারায় বাংলাদেশ আজ সারাবিশ্বে সম্মাণিত। তিনি আরো বলেন, এদেশের মানুষয়ের একটা ধারনা ছিল আমরা অন্যের অর্থায়ন ছাড়া কিছুই করতে পারবনা। এই দৈন্যতা খুচিয়ে আমরা এখন গৌরবের অংশিদার। তিনি পদ্মা সেতু উদ্বোধন উযাপন অনুষ্ঠান সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। উদ্বোধন উদযাপন অনুষ্ঠানে মধ্যে রয়েছে সকাল ৮টা থেকে সকাল ৯টা পর্যন্ত কোরনখানি, ৯.০১মিনিট হতে সংস্কৃতিক অনুষ্ঠান, ১০টায় প্রধানমন্ত্রী কর্তৃক সপ্নের পদ্মাসেতু শুভ উদ্বোধন কার্যক্রম সরাসরি সম্প্রচার, ১১-১৫ মি: আমন্ত্রিত অতিথিদের অনুভূতি প্রকাশসহ সংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

এসময় উপস্থিত ছিলেন-সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, প্যানেল মেয়র আবদু সবুর লিটন, মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, ওয়ার্ড কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলরগণ।

## আগামীকাল থেকে নগরীর পানি নিষ্কাশন
## প্রতিবন্ধকতা অপসারণে ক্র্যাশ প্রোগ্রাম

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম নগরীর পানি নিষ্কাশনের সব প্রতিবন্ধকতা অপসারণে আগামীকাল শুক্রবার থেকে ক্র্যাশ প্রোগ্রাম শুরু হবে। যে সকল ওয়ার্ডয়ে জলাবদ্ধতার প্রকোপ বেশি দৃশ্যমান হয়েছে সেই স্থানকে অগ্রাধিকার দিয়ে কাজ শুরু করা হবে। তিনি আজ অপরাহ্নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলরদের নিয়ে ওয়ার্ড পর্যায়ে জলাবদ্ধতা নিরসন বিষয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য এই ঘোষণা দেন। চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন-প্যানেল মেয়র আব্দুস সবুর লিটন, মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, বর্জ্য স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর মোবারক আলী প্রমুখ।

মেয়র বলেন, জলাবদ্ধতা নিরসনে স্বল্পমেয়াদী পদক্ষেপ গ্রহণের জন্য চার সদস্যের কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যেই কমিটি কাজ শুরু করেছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত কাউন্সিলররা ওয়ার্ড পর্যায়ে পানি নিষ্কাশনের সমস্যা সমূহ চিহ্নিত করে দুই দিনের মধ্যে কমিটিকে অবহিত করবে। সে ক্ষেত্রে কাউন্সিলরগণ নিজস্ব উদ্যোগে স্কেভেটর, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও জনবল নিয়ে স্ব স্ব ওয়ার্ডের নালা নর্দমা-খালের আবর্জনা দ্রুততার সাথে পরিষ্কার করার জন্য নির্দেশনা প্রদান দেয়া হয়। অন্যদিকে মেগা প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যেখানে বাঁধ ও মাটি ভরাট করা হয়েছে সেসব স্থানে বাঁধ অপসারণ এবং মাটি সরিয়ে পানি প্রবাহ স্বাভাবিক করারও আহ্বান জানান। তিনি আরো বলেন, জলাবদ্ধতা নিরসনে মেগা প্রকল্প বাস্তবায়নে কতটা সময় প্রয়োজন হবে তা এখন ভাবার বিষয় নয়। এখন প্রয়োজন চলমান বর্ষা মৌসুমে

আর যেন জনগনকে জলাবদ্ধতার দূর্ভোগ পোহাতে না হয় সে বিষয়টি চিহ্নিত করা। এক্ষেত্রে সকল সেবাদানকারী সংস্থাকে যার যার অবস্থান থেকে সহযোগিতা করার আহ্বানও জানান তিনি।

তিনি কাউন্সিলরদের স্মরণ করিয়ে দিয়ে বলেন, আপনারা এলাকাবাসীর ভোটে নির্বাচিত জনপ্রতিনিধি। এলাকার মানুষের কোন ভোগান্তি হলে সবচাইতে বেশি অপবাদ ও সমালোচনা আপনাদের দিকে ধাবিত হয়। এই অপবাদ থেকে রেহাই পাবার জন্য আপনাদের বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে। চসিকের মেয়র হিসেবে সিটি কর্পোরেশনের পক্ষ থেকে যত ধরনের সহযোগিতা প্রয়োজন তা করা হবে।

ঈদ ফেস্টিভাল উদ্বোধন অনুষ্ঠানে মেয়র

## নারী সমাজকে কোন অবস্থায় অবজ্ঞা করা যাবেনা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নারী সমাজ বর্তমানে ঘরে বসে নেই। অফিস-আদালত ব্যবসা-বাণিজ্য সবক্ষেত্রে তাদের অবস্থান সুসংহত করেছে। পড়ালেখায়ও তারা ছাত্রদের তুলনায় এগিয়ে আছে। এক সময়ের অবলা নারীরা আজ রেডিসন ব্লু পাঁচতারা হোটেলের একটি মিলনায়তনে ঈদ ফেস্টিভাল উদযাপন করাটা গৌরবের বিষয়। এই নারী সমাজকে কোন অবস্থায় অবজ্ঞা করা যাবে না। চট্টগ্রামের যে কোন উন্মুক্ত স্থানে, মাঠে-ময়দানে নারীরা এধরনের উদ্যোগ নিলে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সবসময় তাদের পাশে থাকবে এবং মেলা আয়োজনকারীদের সাধুবাদ জানান। তিনি আজ বিকেলে রেডিসন ব্লু হোটেল মিলনায়তনে ঈদ শপিং ফেস্টিভাল উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

এতে বিশেষ অতিথি ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর আব্দুল বারেক, অধ্যাপক মাসুম চৌধুরী, পাঁচলাইশ ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আবু সৈয়দ, মানজুমা মোর্শেদ ও নাদিয়া প্রমুখ।

মেয়র আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবাধর্মী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি আলোকায়ন, পরিচ্ছন্নতা এবং রাস্তাঘাট সংস্কারের নির্দিষ্ট কর্মপরিধির বাইরেও অতি জনগুরুত্বপূর্ণ সেবা হিসেবে শিক্ষা ও স্বাস্থ্য খাতকে অন্তর্ভুক্ত করে সেবা প্রদান করা হচ্ছে। এই প্রতিষ্ঠানগুলোর মধ্যে শতকরা ৮০ শতাংশই নারী। সিটি কর্পোরেশন নারীদের অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩